

বাংলাদেশ



গেজেট

আতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৯, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(শাখা পৌর-৩)

প্রজ্ঞাপন

তারিখ: ১০ই অগ্রহায়ণ ১৪৩০/২৪শে নভেম্বর ১৯৯০

নং এন, আর, ও, ২৩১-সাইন/৯০—বেহেতু সরকার চরফাশান পৌর এলাকা (Municipality) তে নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে অন্তর্ভুক্ত করিয়া উক্ত পৌর এলাকার সীমানা সম্প্রসারণ করার প্রস্তাব করিয়াছিল,

এবং বেহেতু সরকার Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন প্রস্তাবিত সম্প্রসারণের ব্যাপারে পরামর্শ এবং আপত্তি আহ্বান করিয়া পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডিপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল,

এবং বেহেতু প্রস্তাবিত সম্প্রসারণের ব্যাপারে ডিপুটি কমিশনারের প্রতিবেদন বিবেচনা করিয়া সরকার উক্ত rule 4(2) এ অধীন উল্লিখিত এলাকাসমূহকে চরফাশান পৌর এলাকাতে অন্তর্ভুক্ত করিয়া উহাকে সম্প্রসারণ করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

অতএব বেহেতু উক্ত rules এর rule 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই মর্মে ঘোষণা করিল যে, নিম্ন তফসিলতন্ত্র শহর এলাকাসমূহ আগামী ৫-১২-৯০ তারিখ হইতে চরফাশান

(৪০৬৭)

মূল্য: টাকা ১.০০

পৌর এলাকায় অন্তর্ভুক্ত হইবে এবং অনুরূপভাবে উক্ত চরফ্যাশান পৌর এলাকার সীমানা সম্প্রসারিত হইবে।

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
১।	আমিনাবাদ	কুলছুমবার	৮৩	১৭৩৪—১৮২১
২।	ঝিন্ড়াগড়	(ক) ঝিন্ড়াগড়	৮৪	১৬৬—১৬৭, ৩৬৬—৩৬৮, ১০০১—১৫০৬, ৩১০১— ৩২৪৭, ৩৬০১—৩৬১৩, ৪০৮১—৪১০৮।
		(খ) দক্ষিণ ফ্যাশন	৬১	২০১—২০৬, ৪৫৮—৪৬৯, ২৩০৮—২৩২৭।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খালেদুজ্জামান

উপ-সচিব (পৌর)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।